

নয়া দিগন্ত

০৯ ডিসেম্বর ২০১৮

শ্রেষ্ঠ ১০জন করে সর্বমোট ৮০ প্রতিযোগী নিয়ে আঞ্চলিকপর্যায়ের গণিত অলিম্পিয়াডের চূড়ান্তপর্ব অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) এ পর্ব অনুষ্ঠিত হয়। এর আগে গত ২৬ নভেম্বর দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আঞ্চলিক অলিম্পিয়াড শুরু হয়, যা শেষ হয় ৩০ নভেম্বর।

অনুষ্ঠান উদ্বোধন করেন বুয়েটের ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ড. মো: রফিক উল্লাহ। এ ছাড়াও উপস্থিত ছিলেন জাতীয় গণিত অলিম্পিয়াড কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরী, সম্পাদক অধ্যাপক ড. মো: মনিরুল আলম সরকার, বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক ড. মো: মোবারক হোসেন, সহসভাপতি অধ্যাপক ড. মো: শহীদুল ইসলাম, সম্পাদক অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মণ্ডল এবং এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের পরিচালক চৌধুরী মো: তায়েব তাজামুল।

চূড়ান্তপর্বে শ্রেষ্ঠ ১০ বিজয়ী হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মো: নিরব হোসাইন, পার্থ সূত্র ধর, কফিল ইবনে কামাল, বুয়েটের সাদমান সাকিব, মো: সাকিবুর রহমান, মুনজারিন রিজা, শামিম সাদমান সাহেদ, বরিশাল বিশ্ববিদ্যালয়ের মো: সাইয়াদোজ্জামান সাঈদ, কুয়েটের নাজিম উদ্দীন, এবং ব্রাক বিশ্ববিদ্যালয়ের সাদাত হোসাইন।

শ্রেষ্ঠ ১০ বিজয়ী প্রত্যেককে সার্টিফিকেট ও ক্রেস্ট ছাড়াও এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের সৌজন্যে ১০ হাজার টাকা করে এবং বাংলাদেশ গণিত সমিতির সৌজন্যে শ্রেষ্ঠ তিনজনকে পাঁচ হাজার টাকা করে আর্থিক পুরস্কার ও সম্মাননা প্রদান করা হয়।

এ দিকে, এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের সহযোগিতায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে দ্বিতীয় বারের মতো ২০১৭-১৮ শিবার্ষের স্নাতকোত্তর ডিগ্রিধারী মেধাবী শার্থীদের মধ্যে ‘এ এফ মুজিবুর রহমান স্বর্ণপদক’ প্রদান করেছে। এ বছর স্বর্ণপদক প্রাপ্ত শার্থী হলেন মো: সুমন হোসেন (এম ফিল), মো: আনোয়ার

হোসেন (এমএসসি)। তাদের প্রত্যেককে একটি গোল্ড মেডেল, সার্টিফিকেট ও ৩০ হাজার টাকা করে অর্থ পুরস্কার প্রদান করা হয়েছে।